গোদাগাড়ী উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসে অনুষ্ঠিত ৩২তম সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ জাহাঙ্গীর আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ ও সময় ঃ ১৪ মার্চ ২০২২, বেলা-১২.০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, গোদাগাড়ী, রাজশাহী

সভায় উপস্থিত সদস্য, প্রতিনিধি ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক', 'খ' ও 'গ' - তে সন্নিবেশিত

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় নিম্ন-বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১.০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

সভাপতির অনুমতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২.০ উপজেলা পরিষদ সংক্রান্ত আলোচনা ঃ

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক.	উপজেলা পরিষদ	সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়া তিনি করোনা ভাইরাস হতে সমগ্র গোদাগাড়ী উপজেলাবাসীকে সচেতন থাকার আহবান জানান এবং এ বিষয়ে সরকারি নির্দেশনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	করোনা ভাইরাস হতে পরিত্রাণ পাওয়ার লক্ষ্যে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	সংশ্লিষ্ট সকল
খ.	উপজেলার ১৭টি কমিটির সভা সংক্রান্ত আলোচনা	উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে উপজেলা পরিষদের ১৭টি কমিটি রয়েছে। কমিটিগুলোর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাই চেয়ারম্যানকে অনুরোধ জানান।	উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	(১) ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী (২) সংশ্লিষ্ট দপ্তর প্রধান গোদাগাড়ী, রাজশাহী

০৩.০ বিভাগভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ সভায় নিম্নোক্ত বিভাগ ভিত্তিক আলোচনা উপস্থাপিত হয়। সভাপতি এসডিজি ২০৩০ বাস্তবায়নে ১৭ টি লক্ষ্য অর্জনের ক্ষেত্রে প্রত্যেক বিভাগের জন্য প্রযোজ্য লক্ষ্য নির্ধারণ এবং তা অর্জনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন। অতঃপর সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ কর্তৃক নিজ নিজ বিভাগের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপিত তথ্যাদি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.১	স্বাস্থ্য বিভাগ গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে আউট ডোরে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৮৫৫৪ জন, ভর্তি রোগীর সংখ্যা-২৬৯ জন, ইমারজেন্সীতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৪৬১ জন, বেড অকোপেন্সি রেট ৮২.৬০, যক্ষা রোগী-২১ জন, কুষ্ঠ রোগী- ০০ জন, কালাজ্বর-০০, ল্যাব টেস্ট-৪৭১, স্বাভাবিক ডেলিভারি-২৮ জন, জরায়ু মুখ ক্যান্সার পরীক্ষা-৪১ জন, ANC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-১৪৩ জন, PNC সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৬৭ জন, ইসিজি সেবাপ্রাপ্ত রোগীর- ৪০ জন, এক্স-রে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-২৫ জন, টিকা প্রাপ্ত শিশু-৫৩৩ জন, ৩৪টি সিসিতে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-২২৭২১ জন, IMCI কর্ণারে সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৪৪৯ জন, আউটডোরে-৮৫৫৪ জনকে ঔষধ ও সেবা প্রদান করা হয়েছে। করোনা ভাইরাসের ৪৭টি স্যাম্পল পরীক্ষা করে নেগেটিভ ৩৮জন এবং পজিটিভ ০৯জন। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	৩ নম্বর	হাসপাতালের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করাসহ করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.২	প্রাণিসম্পদ বিভাগ গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর আওতায় ১৩০ জন সুফলভোগীকে ২য় দফায় ১০০ কেজি করে দানাদার খাদ্য বিতরণ করা হয়েছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে বিভিন্ন গ্রুপের সদস্য/খামারীদের বিনামূল্যে ক্ষুরা রোগের টিকা প্রদান করা হয়েছে এবং তাদেরকে কৃমিনাশক ঔষধ প্রদান করা হয়েছে। চর আষাড়িয়াদহ ইউনিয়ন পরিষদে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনা করার জন্য যে ট্রাভিস আছে তা প্রায় ১ বছর যাবত ভেঙ্গে আছে ফলে কৃত্রিম প্রজনন কার্যক্রম ব্যাহত হচ্ছে। ট্রাভিসটি মেরামত করা অত্যন্ত জরুরী। তাঁর দপ্তরের আওতায় প্রকল্পের কার্যক্রমও চলমান রয়েছে এবং গবাদিপশু ও হাঁস-মুরগির যে কোন ধরনের সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে তাঁর দপ্তরকে অবহিত করার করার জন্য সকল চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	২ নম্বর	চর আষাড়িয়াদহ ইউনিয়নের চেয়ারম্যান ট্রাভিসটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রাণিসম্পদ দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এবং গবাদি পশু ও হাঁস-মুরগির কোন অস্বাভাবিক রোগের সংবাদ পাওয়া মাত্রই উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে অবহিতকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী
৩.৩	কৃষি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, চলতি মাসে মাঠের অবস্থা ভাল আছে। ১৫০৫০ হে: জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। এছাড়া চলতি রবি/২০২০-২১ মৌসুমে সরিষা, গম, ভূট্টা, মসুর, খেসারী, ছোলা কর্তন চলমান রয়েছে। ফলন আশানুরুপ পাওয়া যাচ্ছে। খরিফ-১/২২-২৩ মৌসুমে মূগ, তিল, ভূট্টা ও শাক-সবজি বপন শুরু হয়েছে। বিভিন্ন প্রকল্পের রবি/২১-২২ মৌসুমে ফসল কর্তন, মাড়াই, ঝাড়াই ও সংরক্ষনের পরামর্শ প্রদান করা হচ্ছে। বোরো ফসলের রোগ বালাই ও পোকা মাকড় দমনে চাষীদের বিভিন্ন পরামর্শ প্রদান করা হচ্ছে। কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় কৃষককে আগাম আবহাওয়ার পূর্বাভাস প্রদান করা হচ্ছে। বোরো চাষের জন্য জমি তৈরী, সুষম সার প্রয়োগ. বীজ বপন/চারা রোপনের পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	২ নম্বর	কৃষকদের সকল সহযোগিতা প্রদানসহ ফসলের চাষাবাদে আগ্রহ সৃষ্টি, রাসায়নিক সার ও কীটনাশক ঔষধের ঘাটতি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী রাজশাহী
৩.৪	উপজেলা মৎস্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের পরামর্শ প্রদানের কাজ চলমান রয়েছে। মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০ অনুযায়ী মৎস্য খাদ্যের লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সকলের আন্তরিক সহযোগিতায় গত ০১ নভেম্বর ২০২১ জাটকা ইলিশ সংরক্ষণ অভিযান/মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম চলমান রয়েছে এবং উল্লিখিত কার্যক্রম আগামী ৩০ জুন ২০২২ পর্যন্ত অব্যাহত থাকবে। তিনি জাটকা ইলিশ সংরক্ষণ অভিযান/মোবাইল কোর্ট পরিচালনার কাজে সকলের আন্তরিক সহযোগিতার জন্য অনুরোধ জানান। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা ছাড়াও মৎস্য দপ্তরের মাধ্যমে মাছ বাজার অভিযান, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীকে পরামর্শ প্রদান এবং নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। ২০২১-২০২২ আর্থিক সালে এনএটিপি-২ প্রকল্পের আওতায় চড়ুই বিলে একটি মৎস্য অভয়াশ্রম স্থাপন কাজ চলমান রয়েছে। কোভিড-১৯ মহামারীতে চলমান বিধি-নিষেধ মাছের আড়ৎ, মাছের খাদ্যের দোকান, মাছ পরিবহন ও বাজারজাতকরণ যাতে বন্ধ না থাকে সেজন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়াও মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে।	১,২,১৩ ও ১৪ নম্বর	মাছের বাজারে নিয়মিতভাবে অভিযান পরিচালনা, মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন, মৎস্য চাষীদেরকে পরামর্শ প্রদান, মৎস্য বাজারে আগত জনসাধারণ যেন স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে বাজারে প্রবেশ করেন সে বিষয়টি মনিটরিংয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
৩.৫	উপজেলা শিক্ষা অফিস, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ১৬৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক কুইজ, চিত্রাংকন ও রচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। সংসদ টিভি ও রেডিও মাধ্যমে পাঠদান প্রচার সংক্রান্ত সকল কার্যক্রম অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নেয়া হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীর গুগলমিট ক্লাস শুরু হয়েছে। প্রতিটি বিদ্যালয়ের শিক্ষকগণ নিজ নিজ ক্যাচমেন্ট এলাকায় যেয়ে শিশুদের পাঠদান পরিচালনা শুরু হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	৪ নম্বর	শিক্ষা দপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা শিক্ষা অফিসার, গোদাগাড়ী রাজশাহী
৩.৬	মাধ্যমিক শিক্ষা বিভাগ,	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, প্রতিষ্ঠান পর্যায়ে শিক্ষার্থীদের আইডি কাজ সম্পাদনের লক্ষ্যে আগামী ২৮ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। মাধ্যমিক, দাখিল ও ইবতেদায়ী পর্যায়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক ১০০% বই	৪ নম্বর	উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, গোদাগাড়ী,

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	গোদাগাড়ী, রাজশাহী	প্রতিষ্ঠান পর্যায়ে সরবরাহ করা হয়েছে। উপজেলা মাধ্যমিক পর্যায়ে-২৬৯১০ জন, দাখিল পর্যায়ে-৫৪০০জন, কলেজ পর্যায়ে-১২৫০জন এবং কারিগরি পর্যায়ে ৪০০জনসহ মোট ৩৩৯৬০জনকে কোভিড-১৯ এর দ্বিতীয় ডোজ টিকা প্রদান করা হয়েছে। মাধ্যমিক ও সমমান পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে শীতকালীন খেলাধুলা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনলাইনে ক্লাসের সাথে সম্পৃক্ত হওয়া মাল্টিমিডিয়া ক্লাস সমূহ এমএমসিতে নেওয়া এবং ড্যাস বোর্ডে তা আপলোড দেওয়ার জন্য সকল প্রতিষ্ঠানে পত্র দেওয়া হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।		সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	রাজশাহী
৩.৭	মহিলা বিষয়ক অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্রের ফেব্রুয়ারি/২০২২ মাসের পুষ্টি চালের অর্পনাদেশ প্রদান করা হয়েছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। কাবিউস চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক উপকারভোগীদের জীবন দক্ষতা ও আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রম চলছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৯টি ইউনিয়ন ও ২টি পৌরসভার ফেব্রুয়ারি/২০২২ মাসে ২০৬ জন সুবিধাভোগী চুড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে। এ পর্যন্ত চুড়ান্তভাবে নির্বাচিত সর্বমোট ৮৫৩৩ জনের সুপারিশ করা হয়েছে, ভাতা প্রদানের মেয়াদ শেষ হয়েছে ৪৮২ জনের। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও মানব পাচার প্রতিরোধ কমিটির সভা করা হয় এবং উপজেলা কমিটিতে অভিযোগ আসলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম ফেব্রুয়ারি/ ২০২২ মাসে ক্ষুদ্র ঋণ আদায়ের হার ৮৬% । উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের ১৩তম ব্যাচের ট্রেইলারিং ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কোর্সে ২৫ জন করে মোট ৫০জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ হতে শুরু হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের বর্তমানে ০৮টি ক্লাবের কার্যক্রম চলছে। বাল্যবিবাহ, যৌতুক, যৌন হয়রানী ও মানব পাচার প্রতিরোধের লক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক ফেব্রুয়ারি/২০২২ মাসে উঠান বৈঠক করা হয়েছে ০৩টি। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	১,২ও ৫ নম্বর	মহিলা বিষয়ক অধিদপ্তরের যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	(১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী (২) চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি
৩.৮	পরিবার পরিকল্পনা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত গোদাগাড়ী উপজেলায় সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ৭৩৭০১ জন এবং উপজেলার জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী ৬১২৮০ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর.) ৮৩.১৫% । ফেব্রুয়ারি/২০২২ মাসে গোদাগাড়ী উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিতরণ ও সম্পাদন বিষয়ক প্রতিবেদন নিম্নরূপ: খাবার বড়ি-১২০৩১ চক্র, কনডম-৩১৪৫৬ পিস, ইনজেকটেবল-১৭৩৯ ভায়াল, স্থায়ী পদ্ধতি-৩২ জন, ই,সি,পি-২০, কপারটি-০৬, ইমপ্ল্যান্ট-৪৭জন, স্বাভাবিক প্রসব-১৩৩ জন এবং সিজার-৭২ জন। আশ্রয়ণ/আবাসনসহ উপজেলার সকল ইউনিয়নের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে কল সেন্টার "সুখি পরিবার" (১৬৭৬৭) চালু করে সার্বক্ষণিক (২৪ ঘন্টা/৭দিন) মা-শিশু স্বাস্থ্য প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	৩ নম্বর	পরিবার পরিকল্পনা বিভাগীয় বিভিন্ন ধরনের সেবা কার্যক্রমে সহযোগিতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী
৩.৯	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সকল প্রকল্পসমূহ টেন্ডারের প্রক্রিয়াধীন রয়েছে। রাজাবাড়ীহাট টু খারিজাগাঁতি রোড দৈর্ঘ্য ২.৫০ কি:মি: ID NO 181344058, Village Road Type-A অবস্থায় আছে এই সড়কটিকে ইউনিয়ন সড়ক পর্যায়ে পরিবর্তনের জন্য সভায় সভাসদদের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র আওতায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার ০২টি প্রাক্কলনসহ প্রকল্প কমিটি সভায় উপস্থাপন করেন। ক্র:নং | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | বরাদ্দের পরিমাণ | বাস্তবায়ন পদ্ধতি (১) | মোহনপুর ইউনিয়নের বিভিন্ন পাকা রাস্তার ভাঙ্গা স্থানে ব্যাটস ফিলিং | ১-৯ | ২,০০,০০০/- | পিআইসি	১,২,৮, ৯ ও ১১ নম্বর	(১) রাজাবাড়ীহাট টু খারিজাগাঁতি রোড দৈর্ঘ্য ২.৫০ কি:মি: ID NO 181344058, Village Road Type-A সড়কটিকে ইউনিয়ন সড়ক পর্যায়ে পরিবর্তনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>এসডিজি এর লক্ষ্যমাত্রা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td></td><td>
<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ</u>
<table>
<tr><td>১.</td><td>জনাব মোঃ নাসিরুল ইসলাম, ৭নং ওয়ার্ড সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>প্রকল্প সভাপতি</td></tr>
<tr><td>২.</td><td>জনাব মোসা: মমতাজ বেগম, সংরক্ষিত সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>জনাব মোঃ মোশাররফ হোসেন, শিক্ষক, দিগ্রাম, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৪.</td><td>জনাব মোঃ ফরিদ উদ্দীন, ঈমাম, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব মোঃ নুরুল ইসলাম, গণ্যমান্য, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৬.</td><td>জনাব মোসাঃ মুনিরা খাতুন, সমাজকর্মী, দিগ্রাম, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৭.</td><td>জনাব মোঃ আব্দুর রহমান, সদস্য সচিব, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>ওয়ার্ড নং</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>(২)</td><td>মোহনপুর ইউনিয়নের বিভিন্ন রাস্তার পানি পারাপারের জন্য ১ ফিট ডায়া আরসিসি রিং পাইপ স্থাপন।</td><td>১-৯</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
</table>
<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ</u>
<table>
<tr><td>১।</td><td>জনাব মোঃ জামাল উদ্দীন, ৬নং ওয়ার্ড সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>প্রকল্প সভাপতি</td></tr>
<tr><td>২।</td><td>জনাব মোসা: মমতাজ বেগম, সংরক্ষিত ওয়ার্ড সদস্যা, মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩।</td><td>জনাব মোঃ মোশাররফ হোসেন, শিক্ষক, দিগ্রাম, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৪।</td><td>জনাব মোঃ ফরিদ উদ্দীন, ঈমাম, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৫।</td><td>জনাব মোঃ নুরুল ইসলাম, গণ্যমান্য, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৬।</td><td>জনাব মোসাঃ মুনিরা খাতুন, সমাজকর্মী, দিগ্রাম, গোদাগাড়ী, রাজশাহী</td><td>”</td></tr>
<tr><td>৭।</td><td>জনাব মোঃ আব্দুল রহমান, সদস্য সচিব, চাঁদলাই, গোদাগাড়ী, রাজশাহী</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই।
</td><td></td><td>(২) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (রাজস্ব উদ্বৃত্ত) আওতায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার ০২টি প্রকল্প ও প্রকল্প কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td></td></tr>
<tr><td>৩.১০</td><td>যুব উন্নয়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, (ক) ঋণ কর্মসূচি (গ্রুপ) ফেব্রুয়ারি/২০২২ মাসে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় কোন ঋণ বিতরণ হয়নি। চলতি বছরে বিতরণ- ৪,৮০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণ- ৫,৯৭,৩৬,০০০/- টাকা, চলতি মাসে আদায়যোগ্য- ৭৬,৮০০/- টাকা, চলতি মাসে আদায়কৃত-৬৮,৭২০/- টাকা, আদায়ের হার- ৯০%। চলতি বছরে আদায়যোগ্য- ৩,৪৫,৬০০/- টাকা, চলতি বছরে আদায়কৃত-৩,৩৭,৫২০/- টাকা, আদায়ের হার- ৯৮%। ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য- ৫,৯২,১৭,৬০০/- টাকা, ক্রমপুঞ্জিভূত আদায়কৃত-৫,৭৯,৮০,৪১৫/- টাকা, আদায়ের হার- ৯৮%। চলতি মাসে খেলাপী আদায়ের পরিমান ২,০০০/- টাকা। মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান- ১১,৮১,৯০৫/- টাকা। (খ) ঋণ কর্মসূচী (আত্মকর্মসংস্থান)- চলতি মাসে ঋণ বিতরণ ১,৪০,০০০/- টাকা। চলতি বছরে বিতরণ-২৩,০০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিভূত বিতরণ- ৩,৮৫,৭৪,০০০/- টাকা, চলতি মাসের আদায়যোগ্য- ২,৫৬,০৩০/- টাকা, চলতি মাসের আদায়কৃত-২,১৭,৭৩০/- টাকা, আদায়ের হার- ৮৫%, চলতি বছরে আদায়যোগ্য- ১৮,৭৭,৮৪৫/- টাকা, চলতি বছরে আদায়কৃত- ১৬,৭৬,১৮৩/- টাকা, আদায়ের হার- ৮৯%, ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য-৩,৪৩,২১,২৪৪/-টাকা, ক্রমপুঞ্জিভূত আদায়কৃত-৩,৩০,০৩,৩৪৪/- টাকা, আদায়ের হার- ৯৬%, চলতি মাসে খেলাপী আদায়ের পরিমান ৮৪,০০/- টাকা। মাস শেষে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ- ৯,৩০,৭৬০/- টাকা (গ) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসূচী- চলতি ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৫টি ব্যাচে ৪৫০ জন, চলতি মাসে ০২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি বছরে ১২টি ব্যাচে ৩৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণ ৯,৩৫৯ জন। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।</td><td>১ নম্বর</td><td>গৃহীত কর্মসূচিতে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সতর্কতা অবলম্বনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী</td></tr>
<tr><td>৩.১১</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় সাধারণ (উপজেলা পরিষদ ওয়ারী)-১ম পর্যায়ে বরাদ্দ ৪৭,৯৮,৭৯৮.৫৩/- টাকা, গৃহীত প্রকল্পের সংখ্যা-১৪টি, কাজের অগ্রগতির হার-১০০%, চাল ১০১.৫৪ মে:টন: প্রকল্পের সংখ্যা-১১টি, কাজের অগ্রগতির হার-১০০% এবং গম ১০১.৫৪ মে:টন:, প্রকল্পের সংখ্যা-১১টি, কাজের অগ্রগতির হার-১০০%। নির্বাচনী ১ম পর্যায়ে বরাদ্দ ৪৩,১২,৫০০/-টাকা, গৃহীত প্রকল্পের সংখ্যা-১০টি, কাজের অগ্রগতির হার-১০০%, চাল ৯৬.০০০ মে:টন: প্রকল্পের সংখ্যা-১০টি, কাজের অগ্রগতির হার-১০০% এবং গম ৯৬.০০০ মে:টন:, প্রকল্পের সংখ্যা-১০টি, কাজের অগ্রগতির হার-১০০%। উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে টি,আর উন্নয়ন বরাদ্দ ২৫,৫৩,৬৪৬/৩১ টাকা বরাদ্দ পাওয়া গেছে, গৃহীত প্রকল্পের সংখ্যা-২৪টি, কাজের অগ্রগতির হার-১০০%। নির্বাচনী এলাকা</td><td>১,২, ৯ ও ১১ নম্বর</td><td>তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী</td></tr>
</table>

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		ভিত্তিক-১ম পর্যায়ে বরাদ্দ ২৯,৭৪,৬০০/৬৬ টাকা, গৃহীত প্রকল্পের সংখ্যা-৩১টি, কাজের অগ্রগতির হার-১০০%। গোদাগাড়ী পৌরসভা-১ম পর্যায়ে বরাদ্দ ২,৯৭,৫৮৫/৮৬ টাকার বিপরীতে প্রকল্পের সংখ্যা-০৩টি এবং ২য় পর্যায় ৫,৯৫,১৭১/৭২ টাকার বিপরীতে গৃহীত প্রকল্পের সংখ্যা-১৩টি। কাঁকনহাট পৌরসভা-১ম পর্যায়ে বরাদ্দ ৩,৪৫,০১৪/৪৩ টাকার বিপরীতে গৃহীত প্রকল্পের সংখ্যা-০৫টি এবং ২য় পর্যায়ে বরাদ্দকৃত ৬,৯০,০২৮/৮৬ টাকার বিপরীতে প্রকল্পের তালিকা পাওয়া যায়নি। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয় হতে-১ম পর্যায়ে ৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, গৃহীত প্রকল্পের সংখ্যা-০১টি, কাজের অগ্রগতির হার-৯৫%। সংরক্ষিত মহিলা আসন- ১ম পর্যায়ের বরাদ্দ ৮,০০,০০০/-টাকার বিপরীতে ০৪টি প্রকল্প পাওয়া গেছে, কাজের অগ্রগতির হার-৯৫%। জেলা প্রশাসক মহোদয়ের ২য় পর্যায় বরাদ্দ ৩,২৫,০০০/- টাকার বিপরীতে ০৩টি প্রকল্প পাওয়া গেছে, কাজের অগ্রগতির হার-৩০%। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।			
৩.১২	উপজেলা সমাজসেবা বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ২য় কিস্তির অক্টোবর/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ০৩ মাসের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে প্রান্তিক জনগোষ্ঠীর ৯০ জন কামার, কুমার, নাপিত, জুতা মেরামতকারী ও বাঁশ এবং বেত প্রস্তুতকারীর দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ প্রক্রিয়াধীন রয়েছে। ২য় পর্যায়ে অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণের জন্য যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জিটিপি পদ্ধতিতে সরাসরি সুবিধাভোগীর নিকট Mobile Financial Service প্রতিষ্ঠান হিসেবে ভাতাভোগীর মোবাইল ব্যাংকিং এর হিসাবে ভাতার টাকা পরিশোধ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	১ ও ২ নম্বর	তাঁর দপ্তরের প্রতিবন্ধী ভাতাভোগীর বিশেষ বরাদ্দসহ সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোদাগাড়ী রাজশাহী
৩.১৩	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে এনএনজিপিএস প্রকল্পের আওতায় ১৩টি বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মাণ বাবদ-১৯২.৬০ লক্ষ টাকার বিপরীতে কাজের অগ্রগতির হার-৯০%। বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি) প্রকল্পের আওতায় গোদাগাড়ী পৌরসভায় সলিড ওয়েস্ট কম্পোজিট সিষ্টেম, স্লাস ট্রিটমেন্ট প্ল্যান্ট, প্রাইমারী ড্রেন, পাবলিক টয়লেট, কমিউনিটি টয়লেট, কমিউনাল বিন নির্মাণ কাজের বরাদ্দ ১৯৬১.০৫ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-৬৫%। ২০২০-২০২১ অর্থ বছরে পিইডিপি-৪ আওতায় ০৯টি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতল বিশিষ্ট ওয়াশব্লক নির্মান বরাদ্দ ১৩৬.৩০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার ৭৫%। ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে ১২০টি পানির উৎস (২য় পর্যায়) (সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপ) স্থাপনের বরাদ্দ ১২৪.০০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-৮০%। ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপন পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নের জন্য ২৬টি করে মোট ২৩৪টি সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপের বরাদ্দ ২৩২.৮০ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-১০০%। ২০২১-২০২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গোদাগাড়ী উপজেলায় ১৮টি কমিউনিটি ভিত্তিক সাবমারসিবল পাম্পযুক্ত নলকুপ স্থাপন বরাদ্দ ৬২.৫২ লক্ষ টাকা, কাজের অগ্রগতির হার-৬০%, পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় সকল ইউনিয়নের প্রতিটি বাড়ীতে নলকুপের পানির আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম এর অগ্রগতির হার ৫০%। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	৬ নম্বর	জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগীয় সকল প্রকল্পগুলোতে যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী
৩.১৪	উপজেলা সমবায় দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, প্রাথমিক সমবায় সমিতিগুলো তাঁর দপ্তরের মাধ্যমে নিবন্ধন করা হয়। বর্তমানে নিবন্ধনকৃত সমিতির সংখ্যা-৩৮০টি। উল্লেখ্য মৎস্যজীবি সমিতি-৪০টি, মৎস্যচাষী সমিতি-১৮৩টি, যুব সমিতি-০২টি, বহুমুখী সমিতি-১০টি, সঞ্চয় ও ঋণদান সমিতি-১৫টি, ক্রেডিট ইউনিয়ন-০১টি, ক্রেডিট সোসাইটি-০১টি, শ্রমিক-০৩টি, পরিবহণ ০৩টি, ভোগ্যপণ্য সমিতি-০৪টি, পানি ব্যবস্থাপনা সমিতি-০৪টি, আশ্রয়ণ সমিতি-০৪টি, কৃষি সমিতি ০৭টি, ব্যবসায়ী/বণিক সমিতি-০৩টি, মুক্তিযোদ্ধা সমিতি-০১টি, মহিলা সমিতি-১২টি, সার্বিক গ্রাম উন্নয়ন-২১, ক্ষুদ্র নৃ-তাত্বিক সমিতি-১০টি, সিআইজি ৫৩টি অন্যান্য-০২টি। তন্মধ্যে কার্যকর সমিতির সংখ্যা-৩৩৭টি ও অকার্যকর সমিতির সংখ্যা-২০টি রয়েছে। উল্লিখিত সমিতি গুলির বার্ষিক অডিট সম্পাদন করা হয়। ২০২০-২০২১ সালের অডিট যোগ্য ৩৩১টি সমিতির মধ্যে মার্চ/২০২১ মাস পর্যন্ত ২১৭টি সমিতির অডিট কাজ সম্পন্ন হয়েছে। ২০১৯-২০ সালের অডিট নোটের ভিত্তিতে অডিট ফি বাবদ- ১,৩৭,১০০/- টাকা ধার্য্য হয়েছে। বর্তমান মাস পর্যন্ত ১,৩৭,১০০/- টাকা আদায়পূর্বক সরকারি সংশ্লিষ্ট কোষাগারে জমা করা হয়েছে এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ধার্য্য ছিল ৬৪,৭২৮/- টাকা। বর্তমানে মাস পর্যন্ত ৬৪৭২৮/- টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে সংশ্লিষ্ট জমা করা হয়েছে। এছাড়াও এই উপজেলায় সমবায় বিভাগ থেকে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ০১টি সমিতির কাজ হাতে নেওয়া	১,২ ও ৮ নম্বর	আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকিসহ ঋণ বিতরণ ও ঋণ আদায়ের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয় সে বিষয়ে সর্তক দৃষ্টি রাখাসহ ঋণের আদায়ের হার বাড়ানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
		হয়েছে। প্রকল্প গুলির ১টি হচ্ছে "সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন" প্রকল্প। সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ২টি সমিতির মধ্যে ২০০জন সদস্য রয়েছে তার মধ্যে ২০০জন সদস্যদের মধ্যে ১,২০,০০০/- করে মোট-২,৪০,০০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জুভুত ঋণ বিতরণের পরিমান ২,৭৩,০০,০০০/-টাকা, ঋণের আসল আদায় ১,৩৯,৩২,০০০/- টাকা ও সার্ভিস চার্জ আদায় ৭,৫৫,০০০/- টাকা। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় তথ্য নিম্নরুপ ঃ (১) বলিয়াডাইং আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৯,৫৫,০০০/- টাকা, আদায়কৃত ৮০২৬৪৫/-টাকা, আদায়যোগ্য ঋণ-১০,৩১৪০০/- টাকা, আদায়ের হার-৭৯% (২) দেওপাড়া আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬০৫০০০/-টাকা, আদায়কৃত ঋণ-৬০৮২৭০/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬০৫৩৪০০/-টাকা, আদায়ের হার-৯২% (৩) আগোলপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৩১০০০০/-টাকা, আদায়কৃত ঋণ-২৩৮২৬০/-টাকা, আদায়যোগ্য ঋণ-৩৩৪৮০০/-টাকা, আদায়ের হার-৭৪% এবং (৪) কামদেবপুর আশ্রয়ণ (ফেজ-২) প্রকল্পে ঋণ বিতরণ-৬০০৫০০/-টাকা, আদায়কৃত ঋণ-৪৯৮৭৫৮/- টাকা, আদায়যোগ্য ঋণ-৬৪৮৫৪০/- টাকা, আদায়ের হার-৭৮%। আশ্রয়ণ প্রকল্পের কার্যক্রম তদারকি ও ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। উন্নতজাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪০.০০ লক্ষ টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।			
৩.১৫	উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) দেশের অন্যতম বৃহৎ ক্ষুদ্র ঋণ প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে এ প্রতিষ্ঠানটি গ্রামীণ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নে ঋণ কার্যক্রম সহ ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকে। এই দপ্তরের অধীনে রেজিষ্ট্রেশনভূক্ত সমবায় সমিতির সংখ্যা ২১১টি। বীরমুক্তিযোদ্ধা ও তাঁর পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচী, মহিলা উন্নয়ন অনুবিভাগ কর্মসূচী, কৃষক সমবায় সমিতি লিঃ, সদাবিক কর্মসূচি, পল্লী প্রগতি কর্মসূচি, আদর্শ গ্রাম-২ প্রকল্প, গুচ্ছ গ্রাম প্রকল্প, পিআরডিপি-৩ প্রকল্প ও 'দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসুচি'র আওতায় পুঁজিগঠন ও আয়বর্ধন মূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং এ প্রকল্পের আওতায় ৫৭০টি পরিবার খানা জরিপ ও ২১ টি দল ইতিমধ্যে গঠন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে আরো ৯টি দল গঠনের লক্ষ্যমাত্রা রয়েছে। এর মধ্যে ৩টি দলগঠনের কার্যক্রম চলমান রয়েছে। আলোচ্য মাসে ১টি দল গঠিত হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অত্র দপ্তরের ৪৪০ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। আলোচ্য মাসে ৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩ কোটি ৭৭ লক্ষ ৫০ হাজার টাকা। এর বিপরীতে অত্র দপ্তর থেকে ২০২১-২২ অর্থবছরে ১২৩.৮১ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ ও ১৩৭.০০ লক্ষ টাকা এসএমই ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য ফেব্রুয়ারি/২০২২ মাসে ২৭.২৭ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মোট ঋণ আদায় হয়েছে ৫১.৯৫ লক্ষ টাকা এবং এসএমই ঋণ আদায় হয়েছে ৪.৭৪ লক্ষ টাকা। আদর্শ গ্রাম-২ প্রকল্প হতে ঋণ বিতরণ ৩.৭৯ লক্ষ টাকা । গুচ্ছগ্রামে প্রকল্পে আলোচ্য মাসে-২.৯১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অপ্রধান শষ্য কর্মসূচিতে আলোচ্য মাসে ঋণ বিতরণ নাই। পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বর্তমানে রিশিকুল ও গোদাগাড়ী ইউনিয়নে কার্যক্রম চালু আছে। ২০২১-২২ অর্থ বছরে ০২ (দুই) টি স্কিম বাস্তবায়নের বাজেট পাওয়া গিয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল বাবদ ১৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে ১১৩ জন সদস্যের বিপরীতে বিতরণ করা হয়েছে এবং প্রায় ১৭.৪০ লক্ষ টাকা। এসএমই ঋণের কিস্তি আদায় করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	১ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী
৩.১৬	উপজেলা সামাজিক বন ও নার্সারি বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ২৫.০ কিলোমিটার বাগান সৃজন এবং বিনামূল্যে বিতরনের জন্য ৩১০৬টি চারা বরাদ্দ পাওয়া গেছে। চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে। এছাড়াও তার দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১৫ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা বন কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী
৩.১৭	বিদ্যুৎ বিভাগ (নেসকো লিঃ) গোদাগাড়ী রাজশাহী	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ, গোদাগাড়ী, রাজশাহী দপ্তরের নব-নির্মিত আওতাধীন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, বিউবো কর্তৃক গোদাগাড়ীতে ৩৩/১১ কেভি ২x১০/১৩.৩৩ এমভিএ উপকেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। বিউবোর্ডের চলমান প্রকল্পের মাধ্যমে অফিস ভবন নির্মান কাজ চলছে। তাছাড়া মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হয়েছে। ফিডার বিভাজনের মাধ্যমে উপজেলা পরিষদ, পৌরসভা ও মডেল থানা এলাকার নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে এক্সপ্রেস ফিডার চালু করা হয়েছে। বর্তমানে নেসকো লিঃ এর নিজস্ব প্রকল্পের মাধ্যমে নন-ষ্ট্যান্ডার্ড ও ঝুকিপূর্ণ লাইন সমূহের রিনোভেশন কাজ চলমান আছে। তাছাড়া ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এর মাধ্যমে স্বল্প সময়ে ঝামেলামুক্তভাবে বিদ্যুতের নতুন সংযোগ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে।	৭ নম্বর	বিদ্যুৎ সংযোগ বিতরণ ও নবায়নের ক্ষেত্রে যেন কোন অনিয়ম পরিলক্ষিত না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.১৮	পল্লী বিদ্যুৎ সমিতি, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী	ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকরনের মাধ্যমে জাতির পিতার জন্মশতবার্ষিকীতে বিজয়ের মাসে মুজিব বর্ষ পল্লী বিদ্যুতের সেবাবর্ষ হিসেবে শতভাগ বিদ্যুৎ পাওয়া নিশ্চিত করার লক্ষ্যে নতুনভাবে গড়ে উঠা বাড়ি/ঘরে লাইন নির্মাণপূর্বক মুজিব শতবর্ষে বিদ্যুৎ সংযোগের কার্যক্রম চলমান আছে। নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরনের সাথে সাথে স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করত ভাংগাখুটি/দূর্বল খুটি পরিবর্তন, পোল সোজাকরণ, কাট আউট পরিবর্তন, ট্রান্সফরমার সঠিকমানের ফিউজ স্থাপনসহ সকল জরুরি কাজ চলমান আছে। "মুজিব বর্ষ" পল্লী বিদ্যুতের সেবা বর্ষ হিসাবে প্রতিপালনের জন্য আলোর ফেরিওয়ালা, উঠান বৈঠক এবং গনশুনানী কর্মসূচির মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়নকরণের লক্ষে প্রান্তিক পর্যায়ে কার্যক্রম চলমান আছে। তাছাড়া গ্রাহক সেবার মান উন্নয়নের জন্য মোহনপুর ইউনিয়নে জৈটাবটতলায় ০১টি নতুন অভিযোগ কেন্দ্রে কার্যক্রম চালু হয়েছে। ফেব্রুয়ারি/২০২২ মাসে আবাসিক (এলটি-এ) ১৬০, বানিজ্যিক (এলটি-ই) ২৯, দাতব্য প্রতিষ্ঠান (এলটি-ডি-১) ০২টি, ক্ষুদ্র শিল্প (এলটি-সি-১) ০৮টি, টি,এল,এল পি নাই, অস্থায়ী- নাই, পানির পাম্প ০১টি টিসহ মোট-৮০ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহক সেবার স্বার্থে বিভিন্ন সাইজের ১৪টি নষ্ট ট্রান্সফরমার দ্রুততম সময়ে পরিবর্তন করে বিদ্যুৎ সরবরাহ সচল রাখা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে শিল্পক্ষেত্রে বিশেষ সুবিধা প্রদান স্বরুপ ৫০মিঃ লোড পর্যন্ত বিনামূল্যে ট্রান্সফরমার সরবরাহ/০২ স্পান পর্যন্ত লাইন নির্মানপূর্বক ০৭টি শিল্প সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়াও পল্লী বিদ্যুতায়ন সিস্টেমের অপারেশন ও রক্ষনাবেক্ষণের সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হচ্ছে।	৭ নম্বর	গ্রাহক পর্যায়ে সেবার মান বৃদ্ধিসহ কোন ব্যক্তি যেন হয়রানির স্বীকার না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	ডেপুটি জেনারেল ম্যানেজার, কাকনহাট জোনাল অফিস, গোদাগাড়ী, রাজশাহী
৩.১৯	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), গোদাগাড়ী জোন-১, রাজশাহী	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, গোদাগাড়ী সভায় জানান যে, গোদাগাড়ী জোন-১ আওতায় ৩৮৩টি গভীর নলকুপ চালু রয়েছে। এছাড়া সেচ কার্যক্রমে ৩৪টি বিদ্যুৎ চালিত এলএলপি ও ২৪টি সোলার পাম্প চালিত মোট ৬০টি এলএলপি চালু রয়েছে। এ সকল সেচ যন্ত্র দ্বারা বোরো মৌসুমে ৫২৬৪ হেক্টর জমিতে কার্যক্রম শুরু হয়েছে। পুকুর পুনঃ খনন ও ভূ-পরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র সেচ ব্যবহার শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০২১-২২ অর্থ বছরে ৩৫টি খাস পুকুর পুনঃ খননের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ৩৫টি খাস-মজা পুকুর পুনঃ খননের নিমিত্তে রাজশাহী প্রধান কার্যালয় কর্তৃক কার্যাদেশ প্রদান করা হয়েছে। কর্তমানে ৫০টি গভীর নলকুপে স্থাপিত খাবার পানি সরবরাহ স্থাপনার মাধ্যমে সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	১,২,৮,৯ ও ১১ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, রাজশাহী
৩.২০	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ), কাকনহাট জোন-২, রাজশাহী	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২ এর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী জোন-২ আওতায় ৩৩০টি গভীর নলকূপ চালু রয়েছে। এ সকল সেচযন্ত্র দ্বারা চলতি আসন্ন বোরো মৌসুমের জন্য প্রায় ১২,৯২২ হেক্টর জমিতে সেচ প্রদানের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। "পুকুর পূনঃখনন ও ভূ-পরিস্থ পানি উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র সেচে ব্যবহার" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ২০টি খাস পুকুর পুনঃ খননের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ১৪টি খাস-মজা পুকুর পুনঃ খননের নিমিত্তে রাজশাহী প্রধান কার্যালয় কর্তৃক কার্যাদেশ প্রদান করা হয়েছে। বর্তমানে ৭৮টি গভীর নলকুপে স্থাপিত খাবার পানি সরবারাহ স্থাপনার মাধ্যমে সুপেয় খাবার পানি সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	১,২,৮,৯ ও ১১ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, কাকনহাট জোন-২, রাজশাহী
৩.২১	উপজেলা পরিসংখ্যান অফিস, গোদাগাড়ী, রাজশাহী	পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, মার্চ/২০২২ মাসে গম ফসলের নমুনা কর্তন, আলু ফসলের ফসলের নমুনা কর্তন, গম ও আলু ফসলের নমুনা কর্তন তালিকা প্রস্তুত, আলু ফসলের মূল্য ও উৎপাদন করচ জরিপ এবং বোরো ফসলের পূর্বাভাস জরিপ সম্পন্ন করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন 'ইসিডিএস প্রকল্পের আওতায়' পরিবেশ সংরক্ষণ "পরিবেশ সংরক্ষণ ব্যয়, সম্পদ এবং বর্জ ব্যবস্থাপনা (প্রতিষ্ঠান), বর্জ্য ব্যবস্থাপনা (সিটি কর্পোরেশন ও (পৌরসভা) এবং পরিবেশগত গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি) ২০২১ শীর্ষক কার্যক্রমের মাধ্যমে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। Monitoring the Situation of Vital Statistics of Bangladesh (MSVSB) প্রকল্পের ১১টি তফসিল এর মাধ্যমে জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বহির্গমন ইত্যাদি জনতাত্ত্বিক তথ্য গোদাগাড়ী উপজেলার ০৪টি নমূনা এলাকায় প্রতি মাসে নিয়মিতভাবে সংগ্রহ করা হচ্ছে। দাগগুচ্ছ জরিপ-(৪র্থ পর্ব) পরিচালনা করা হয়। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। গোলাপ, রজনীগন্ধা, গাঁদা, ফুলকপি, ব্রুকলি, গ্ল্যাডিওলাস, বাঁধাকপি, পালংশাক, খেসারি, বার্লি, রাই ও সরিষা তিসি, রবি জোয়ার অন্যান্য রবিদানা চীনা ও কাউন, রবি মরিচ, আখ, লালশাক, মিষ্টি আলু অন্যান্য ফল (সফেদা, শরীফা, ডালিম, আতা ইত্যাদি) লালশাক ফসলের আনুমানিক হিসাব এবং মাসিক কৃষি মজুরী/ ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করা হয়। এছাড়াও তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	১৭ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা পরিসংখ্যান অফিসার, গোদাগাড়ী রাজশাহী
৩.২২	উপজেলা নির্বাচন অফিস, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, অত্র দপ্তর হতে অনলাইনে জাতীয় পরিচয়পত্র সংশোধন ও হারানো আবেদন গ্রহণ-২৪টি, জাতীয় পরিচয়পত্রের অনলাইন নকল কপি প্রদান-০৮টি, ভোটার স্থানান্তর-৩০০টি, পেপার লেমিনেটিড কার্ড বিতরণ ১৬টি, স্মার্ট কার্ড ৫৭টি বিতরণ করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই।	১৭ নম্বর	তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী

ক্রমিক	বিভাগ	আলোচনা	এসডিজি এর লক্ষ্যমাত্রা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৩.২৩	উপজেলা খাদ্য বিভাগ, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী ও কাকনহাট পৌরসভায় ওএমএস কার্যক্রমে চাল ও আটা বিক্রয় গত ২০ জানুয়ারি ২০২২ তারিখ হতে অব্যাহত রয়েছে। ৮জন ডিলার ছুটির দিন ব্যতিত প্রত্যেকে প্রতিদিন ৩০ কেজি চাল প্রতি কেজি ৩০ টাকা দরে এবং আটা প্রতিকেজি ১৮ টাকা দরে বিক্রয় করেন। ভিজিডি খাতে ৭৯.২৬০ মে.টন চাল ৯টি ইউনিয়নে সরবরাহ প্রক্রিয়াধীন রয়েছে। গোদাগাড়ী এলএসডিতে সিদ্ধ চাল ক্রয় করা হয়েছে ২৭২২.৮৬০ মে:টন এবং ২৫.৬৫০ মেঃটন ক্রয় অবশিষ্ট রয়েছে। খেতুর রোড এলএসডিতে ক্রয় করা হয়েছে-৩৬৯.৬৩০ মে:টন। গোদাগাড়ীতে মোট এলএসডিতে মজুদকৃত চাল- ৩৭২৮.২৭২ মেঃটন, গম-৩.৬৫১ মে:টন। খেতুর রোড এলএসডিতে মজুদকৃত চাল- ৫৮৮.১৪২ মে:টন:। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	২ নম্বর	তাঁর দপ্তরের কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী
৩.২৪	গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহীর প্রতিনিধি সভায় জানান যে, গোদাগাড়ী ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালে মার্চ/২০২২ মাসে বহি: বিভাগে আগত মোট ৬০৩১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও জরুরি বিভাগে মোট ৬০১ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং উন্নত চিকিৎসা সেবার জন্য ২৭ জনকে রেফার্ড করা হয়েছে। এছাড়াও "আন্তঃ বিভাগে চিকিৎসা" ভর্তি রোগী ৪৫৩, রেফার্ড রোগী-২৩, মোট- ৪৩৩ জন, এএনসি-২৩৪, পিএসসি ৪৯, প্রসূতি রোগী ৪৬ এবং ১২১ জনকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। জরুরী বিভাগ এবং আন্তঃ বিভাগ এর মোট রেফার্ড রোগীর সংখ্যা ২৩ জন। "স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশক্রমে এই স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভাইরাস আইসোলেশন ওয়ার্ড স্থাপন করা হয়েছে। "মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে রাজশাহী জেলার স্বাস্থ্য বিভাগ কর্তৃক গৃহীত বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের কাজ চলমান রয়েছে।	৩ নম্বর	হাসপাতালে চিকিৎসা নিতে আসা কোন রোগী যেন চিকিৎসা সেবা হতে বঞ্চিত না হয় সে বিষয় সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী
৩.২৫	ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, গোদাগাড়ী উপজেলায় মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র-৬৭টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, সহজ কুরআন শিক্ষা কেন্দ্র-৯৪টি, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বয়স্ক শিক্ষা কেন্দ্র-০১টি, মডেল রিসোর্স সেন্টার-০১টি, সাধারণ রিসোর্স সেন্টার-০৬টি, মডেল মসজিদ পাঠাগার-০১টি এবং উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র -০১টি, অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১৭ নম্বর	মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী
৩.২৬	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, রাজশাহী	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, "পল্লী সঞ্চয় ব্যাংক" সরকারী বিশেষায়িত একটি ব্যাংক হিসাবে দারিদ্র বিমোচন এবং মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন পূরনের লক্ষ্যে সফলতার সাথে কাজ করে যাচ্ছে। এ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ০২টি পৌরসভা ও ৯টি ইউনিয়নে মোট ২৫৫টি সমিতি গঠিত হয়। চলতি মাস পর্যন্ত এর উপকারভোগী সদস্য সংখ্যা ১০৭১২জন। চলতি মাসে সঞ্চয় আদায়- ৪,০৬,০০০/- টাকা এবং মোট সঞ্চয় আদায়-৬৯,২১,০০০/- টাকা। ২৫৫টি সমিতির ১০৭১২ জন সদস্যের মধ্যে মোট ঋণ বিতরণ হয় ১,৩৯,২৩,০০০/- টাকা এবং মোট ঋণ বিতরণ করা হয়-১৩,১৬,২৭,০০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায় হয়-১,২৫,৬৯,০০০/-টাকা এবং মোট ঋণ আদায় ১২,৫৪,১৬,০০০/- টাকা। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	১৭ নম্বর	খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণসহ তাঁর দপ্তরের সকল কার্যাদি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প
৩.২৭	উপজেলা তথ্য কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী	উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ২০জন, ডোর টু ডোর সেবা গ্রহীতার সংখ্যা ৭১৮ জন। উঠান বৈঠক ২টি প্রতি ব্যচে (৫০) জন করে। বর্তমানে গ্রামীন সুবিধাবঞ্চিত নারীদেরকে তথ্যকেন্দ্রের মাধ্যমে গ্রামীন নারী উদ্যোক্তাদের ই-কমার্স প্লাটফর্মে অর্ন্তভূক্তির জন্য তাদের পণ্য ও সেবা দেশব্যাপী প্রসার ঘটানোর জন্য লাল সবুজ.কম এর কার্যক্রম শুরু হয়েছে। এ লক্ষ্যে উপজেলা তথ্যকেন্দ্রে মহিলা উদ্যোক্তাদের লালসবুজ.কম এ নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে।	১৭ নম্বর	উপজেলা তথ্যকেন্দ্রের সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী

৪. <u>বিবিধ আলোচনা ঃ</u>

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪.১	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় মার্চ/২০২২ পর্যন্ত তাঁর নিজসহ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর ভ্রমণ ব্যয় বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুরোধ জানান।	দাখিলকৃত ভ্রমণ ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
৪.২	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় মার্চ/২০২২ মাসের তাঁর নিজসহ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে গঠিত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়নের ব্যয় বাবদ বিল সভায় উপস্থাপন করে তা অনুমোদনসহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান।	দাখিলকৃত ১৭টি উপজেলা স্থায়ী কমিটির সভার আপ্যায়ন ব্যয় বিলসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের এবং উপজেলা রাজস্ব তহবিল হতে বিলের অর্থ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।	(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী (২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৪.৩	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা হতে গত ০৩ মার্চ ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৩১৮ নং স্মারকে উপজেলা পরিষদের কর্মচারীদের (চাকুরী) বিধিমালা ২০১০ এর (অষ্টোম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.১৮.১৫৭.২০.৭৩৭ নং স্মারকে ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলার বিষয়ে তাগিদপত্র প্রদান করেছেন। উল্লিখিত নীতিমালার আলোকে উপজেলা পরিষদের নিয়োগকৃত ০৪ (চার) জন কর্মচারীর ভবিষ্য তহবিল (সিপিএফ) খোলার জন্য বিগত ১৪ মে ২০১২ তারিখের নিয়োগ বিধি মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০% অর্থ প্রদানের বিষয়ে নির্দেশনা রয়েছে। সেই নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাসদদের দৃষ্টি আকর্ষণ করেন।	সরকারি নীতিমালা অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী (২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
৪.৪	হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী সভায় জানান যে, ১৭ ফেব্রুয়ারি ২০২২ হতে ১৩ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। তিনি ব্যয়িত উক্ত অর্থের ব্যয়োত্তর অনুমোদনের জন্য অনুরোধ জানান।	উপজেলা পরিষদের বিভিন্ন বাসা বাড়ীর ছোট-খাট মেরামত বাবদ ব্যয়িত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সভায় সর্বসম্মতি ক্রমে ব্যয়োত্তর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।	(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী (২) উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৩/২০২২

(মোঃ জাহাঙ্গীর আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
গোদাগাড়ী, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web: godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.১৩.০০১.২০২২- ৩৭৬(৫০)

তারিখ ঃ ৩০ চৈত্র ১৪২৮ / ১৩ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ৫২, রাজশাহী-১, (গোদাগাড়ী-তানোর) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, রাজশাহী।
০৬। মেয়র, গোদাগাড়ী/কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
০৯। উপজেলা ..... অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
১০। উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য, ০১, ০২, ০৩ ও ০৪ নং ওয়ার্ড, গোদাগাড়ী, রাজশাহী।
১১। .....

(মোঃ জানে আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী
ফোন: ০২৪৭৮-৫৬০০৭ (অফিস)
ই-মেইল: unogodagari@mopa.gov.bd

১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

ক্রঃ নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী	স্বাক্ষরিত/-
০২.	জনাব মোঃ জানে আলম, উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
০৩.	জনাব মোঃ আব্দুল মালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী	”
০৪.	মোসাঃ সুফিয়া খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী	”
০৫.	চেয়ারম্যান, গোদাগাড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
০৬.	চেয়ারম্যান, মোহনপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
০৭.	চেয়ারম্যান, পাকড়ী ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
০৮.	চেয়ারম্যান, রিশিকুল ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
০৯.	চেয়ারম্যান, গোগ্রাম ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
১০.	চেয়ারম্যান, মাটিকাটা ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
১১.	চেয়ারম্যান, দেওপাড়া ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
১২.	চেয়ারম্যান, বাসুদেবপুর ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
১৩.	চেয়ারম্যান, চর আষাড়িয়াদহ ইউপি, গোদাগাড়ী, রাজশাহী	”
১৪.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
১৫.	উপজেলা কৃষি অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
১৬.	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
১৭.	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
১৮.	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গোদাগাড়ী, রাজশাহী	”
১৯.	উপজেলা সমাজসেবা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
২০.	উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), গোদাগাড়ী, রাজশাহী	”
২১.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
২২.	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, গোদাগাড়ী, নেসকো লিঃ, রাজশাহী	”
২৩.	ডেপুটি জেনারেল ম্যানেজার, কাঁকনহাট জোনাল অফিস, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, গোদাগাড়ী, রাজশাহী	”
২৪.	উপজেলা যুব উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
২৫.	উপজেলা সমবায় অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
২৬.	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
২৭.	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গোদাগাড়ী, রাজশাহী	”
২৮.	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী	”
২৯.	উপজেলা নির্বাচন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী	”
৩০.	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী	”
৩১.	উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, গোদাগাড়ী, রাজশাহী	”
৩২.	উপজেলা ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গোদাগাড়ী, রাজশাহী	”
৩৩.	উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী	”
৩৪.	ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গোদাগাড়ী শাখা, রাজশাহী	”

১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় উপস্থিত প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "খ" ঃ

০১.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী

১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "গ" ঃ

০১.	মেয়র, গোদাগাড়ী পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী
০২.	মেয়র, কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী
০৩.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
০৪.	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-১, গোদাগাড়ী, রাজশাহী
০৫.	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, গোদাগাড়ী জোন-২, কাকনহাট, গোদাগাড়ী, রাজশাহী
০৬.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা, ৩১ শয্যা হাসপাতাল, গোদাগাড়ী, রাজশাহী
০৭.	উপজেলা বন কর্মকর্তা, উপজেলা সামাজিক নার্সারী ও বনায়ন কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহী
০৮.	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী
০৯.	মোছাঃ দিনা ইসলাম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০১, গোদাগাড়ী, রাজশাহী
১০.	মোসাঃ সালেহা খাতুন, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০২, গোদাগাড়ী, রাজশাহী
১১.	মোসাঃ নুরজাহান বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৩, গোদাগাড়ী, রাজশাহী
১২.	মোসাঃ ইসমত আরা বেগম, উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য-০৪, গোদাগাড়ী, রাজশাহী